# CEO Statement & Declaration on Prevention of AML/CFT for the Year 2026

মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন বর্তমান বৈশ্বিক অর্থনৈতিক ব্যবস্থার অন্যতম গুরুতর চ্যালেঞ্জ। প্রযুক্তির দ্রুত অগ্রগতি, ডিজিটাল ফাইন্যান্সের বিস্তারার এবং আন্তঃসীমান্ত লেনদেন বৃদ্ধির ফলে এই অপরাধগুলো দিন দিন আরও জটিল ও সংগঠিত রূপ ধারণ করছে। এর ফলে শুধু আর্থিক খাতই নয়, বরং জাতীয় নিরাপত্তা, সামাজিক স্থিতিশীলতা এবং বৈশ্বিক অর্থনীতিও হুমকির মুখে পড়ছে।

মানিলন্ডারিং বলতে অবৈধ উপায়ে অর্জিত অর্থকে বৈধ হিসেবে উপস্থাপন করাকে বোঝায়, আর সন্ত্রাসে অর্থায়ন হলো এমন কর্মকান্ডের অর্থের জোগান দেওয়া যা সমাজ ও রাষ্ট্রের জন্য ক্ষতিকর। এ দুটি অপরাধ ভিন্ন হলেও বাস্তবে একে অপরের সঙ্গে গভীরভাবে সম্পর্কিত এবং সমন্বিতভাবে প্রতিরোধ করা প্রয়োজন।

আমরা, **National Housing Finance PLC**, মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধে সর্বোচ্চ অঙ্গীকারবদ্ধ। ২০২৬ সালে আমাদের মূল প্রতিপাদ্য বিষয় হলো:

## "Technology-Driven AML/CFT Compliance and Risk-Based Approach"

বর্তমানে অপরাধীরা শুধু প্রচলিত পদ্ধতিই নয়, বরং ডিজিটাল প্লাটফর্ম, অনলাইন লেনদেন, ক্রিপ্টোকারেন্সি, এবং জটিল কর্পোরেট কাঠামো ব্যবহার করে অর্থ পাচারের নতুন নতুন কৌশল গ্রহণ করছে। বিশেষ করে **Credit-Backed Money Laundering,** Trade-Based Money Laundering (TBML) এবং ডিজিটাল চ্যানেলের অপব্যবহার আমাদের জন্য বড় চ্যালেঞ্জ হয়ে দাঁড়িয়েছে।

**২০২৬ সালে আমাদের অগ্রাধিকারমূলক কৌশলসমূহ:**

**১. Risk-Based Approach (RBA) জোরদারকরণ**
প্রতিটি গ্রাহক, পণ্য ও লেনদেনের ক্ষেত্রে ঝুঁকি মূল্যায়নের ভিত্তিতে নজরদারি বৃদ্ধি করা হবে।

২. শক্তিশালী **KYC** ও **e-KYC** বাস্তবায়ন
গ্রাহকের প্রকৃত পরিচয় যাচাই **(Know Your Customer)** এবং **Beneficial Ownership** নিশ্চিত করা হবে।

**৩. Transaction Monitoring System আধুনিকীকরণ**
AI ও Data Analytics ব্যবহার করে সন্দেহজনক লেনদেন দ্রুত সনাক্ত করা হবে।

**৪. Credit Backed Money Laundering প্রতিরোধ**
ঋণের প্রকৃত ব্যবহার নিশ্চিতকরণ, Fund Diversion শনাক্তকরণ এবং ঋণ পরিশোধের উৎস যাচাই করা হবে।

**৫. Shell & Front Company শনাক্তকরণ**
অস্বচ্ছ মালিকানা কাঠামো ও অস্বাভাবিক ব্যবসায়িক কার্যক্রমের উপর কঠোর নজরদারি থাকবে।

**৬. STR/SAR রিপোর্টিং জোরদার করা**
বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট (BFIU) এবং মানিলন্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধ বিভাগ (AMLD)এ যথাসময়ে ও নির্ভুল রিপোর্ট প্রদান নিশ্চিত করা হবে।

**৭. কর্মীদের প্রশিক্ষণ ও সচেতনতা বৃদ্ধি**
**AML/CFT** বিষয়ে নিয়মিত প্রশিক্ষণের মাধ্যমে দক্ষতা ও জবাবদিহিতা বৃদ্ধি করা হবে।

**ডিজিটাল যুগে নতুন ঝুঁকি মোকাবিলা**

ডিজিটাল ব্যাংকিং, মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিস, এবং ভার্চুয়াল অ্যাসেটের ব্যবহারের কারণে AML/CFT ঝুঁকি নতুন মাত্রা পেয়েছে। এ কারণে আমরা প্রযুক্তিনির্ভর নজরদারি ব্যবস্থা জোরদার করছি এবং আন্তর্জাতিক মানদন্ড (FATF Recommendations) অনুসরণ করছি।

আমি দৃঢ়ভাবে বিশ্বাস করি, একটি কার্যকর AML/CFT কাঠামো গড়ে তুলতে হলে শুধু নীতিমালা প্রণয়নই যথেষ্ট নয়, বরং এর যথাযথ বাস্তবায়ন, মনিটরিং এবং সর্বস্তরের অংশগ্রহণ নিশ্চিত করা অপরিহার্য।

**আপনাদের প্রতি আহ্বান**

আপনারা প্রত্যেকে নিজ নিজ দায়িত্ব যথাযথভাবে পালন করবেন, গ্রাহকের লেনদেন নিবিড়ভাবে পর্যবেক্ষণ করবেন এবং সন্দেহজনক কার্যক্রম দ্রুত রিপোর্ট করবেন। সম্মিলিত প্রচেষ্টার মাধ্যমেই আমরা একটি স্বচ্ছ, নিরাপদ এবং স্থিতিশীল আর্থিক ব্যবস্থা গড়ে তুলতে পারবো।

আমরা, **National Housing Finance PLC,** মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধে সর্বদা প্রতিশ্রুতিবদ্ধ এবং ভবিষ্যতেও এই অঙ্গীকার অটুট থাকবে।

ধন্যবাদ সবাইকে।

মোহাম্মদ শামসুল ইসলাম
ব্যবস্থাপনা পরিচালক